# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯২৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য মুস্তাহাব হলো সাজদায় আল্লাহর সন্তুষ্টির মাধ্যমে তাঁর অসন্তুষ্টি থেকে আশ্রয় চাওয়া

## ذِكْرُ مَا يُستحب لِلْمُصَلِّي أَنْ يتعوَّذ بِرِضَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا مِنْ سَخَطِهِ فِي سُجُودِهِ

আরবী

1929 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو أُسَامَةَ قَالَ: حَدَّثَنا عُبَيْدُ اللَّهِ بْنُ عمر عن مُحَمَّدِ بْنِ يَحْيَى بْنِ حِبَّانَ عَنِ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنْ عَائِشَةَ قَالَتْ: فَقَدْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ مِنَ الْفِرَاشِ فَالْتَمَسْتُهُ فَوَقَعَتْ يَدِي عَلَى بَطْنِ قَدَمَيْهِ وَهُوَ فِي الْمَسْجِدِ وَهُمَا مَنْصُوبَتَانِ وَهُوَ يَقُولُ: (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ وَبِمُعَافَاتِكَ مِنْ عُقُوبَتِكَ وَأَعُوذُ بِكَ مِنْكَ لَا أُحْصِي ثَنَاءً عَلَيْكَ أَنْتَ كما أثنيت على نفسك)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1929 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (823)

বাংলা

১৯২৯. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “একরাতে আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বিছানায় খুঁজে পেলাম না, ফলে আমি তাঁকে খুঁজতে থাকি অতঃপর আমার হাত তাঁর দুই পায়ের তালূতে গিয়ে পড়ে এসময় তিনি মাসজিদে সাজদাবনত ছিলেন, তাঁর পা দুটি স্থাপন করা ছিল আর তিনি বলছিলেন اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ وَبِمُعَافَاتِكَ مِنْ عُقُوبَتِكَ وَأَعُوذُ بِكَ مِنْكَ لَا أُحْصِي ثَنَاءً عَلَيْكَ أَنْتَ كما أثنيت على نفسك (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার সন্তুষ্টির মাধ্যমে আপনার অসন্তুষ্টি থেকে, আপনার ক্ষমার মাধ্যমে আপনার শাস্তি থেকে আশ্রয় চাই। আমি আপনার মাধ্যমে আপনার (শাস্তি) থেকে আশ্রয় চাই। আমি আপনার গুণকীর্তন গণনা করে শেষ করতে পারবো না। আপনি তেমনি, যেমনটি আপনি নিজের গুণ বর্ণনা করেছেন)।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২০১; নাসাঈ: ১/১০২-১০৩; সুনান বাইহাকী: ১/১২৭; সহীহ ইবনু খুযাইমাহ: ৬৫৫; আবূ দাউদ: ৮৭৯; তাহাবী: ১/২৩৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৮৮৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/২১৪; তিরমিযী: ৩৪৯৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৩৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91145

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন